

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
জনসংযোগ অধিশাখা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

তারিখ: ২৫ জানুয়ারি, ২০২৩


সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রবিবার রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কাজী হাবিবুল আউয়াল আজ নির্বাচন ভবনে এ নির্বাচনের তফসিল ঘোষণা করেন। এর আগে সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় কমিশন ১৩ তম কমিশন সভায় বসেন। কমিশন সভা শেষে সংবাদ সম্মেলন করে এ নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করা হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আহসান হাবিব খান (অবঃ), মাননীয় নির্বাচন কমিশনার জনাব রাশেদা সুলতানা, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ জাহাংগীর আলম উপস্থিত ছিলেন।

নির্বাচনের বিস্তারিত তফসিল নিম্নরূপ :

বিবরণী	তারিখ ও বার	সময়	স্থান
(ক) নির্বাচনি কর্তার নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান	১২ ফেব্রুয়ারি ২০২৩, রবিবার	সকাল ১০.০০ ঘটিকা হইতে অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত	মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচনি কর্তার অফিস কক্ষ, নির্বাচন ভবন, নির্বাচন কমিশন সচিবালয়,
(খ) মনোনয়নপত্র পরীক্ষার তারিখ	১৩ ফেব্রুয়ারি ২০২৩, সোমবার	সকাল ১০.০০ ঘটিকা হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত	আগারগাঁও, ঢাকা
(গ) প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	১৪ ফেব্রুয়ারি ২০২৩, মঙ্গলবার	অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত	
(ঘ) ভোটগ্রহণের তারিখ ও সময়	১৯ ফেব্রুয়ারি ২০২৩, রবিবার	অপরাহ্ন ২.০০ ঘটিকা হইতে অপরাহ্ন ৫.০০ ঘটিকা পর্যন্ত	জাতীয় সংসদের সংসদ কক্ষ

এ নির্বাচনে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার নির্বাচনি কর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। এ নির্বাচনের ভোটগ্রহণ জাতীয় সংসদের সংসদ কক্ষে অনুষ্ঠিত হবে।

  
( মোঃ আশাদুল হক )

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬